গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৪৬.২০১৮- ১৮০৮ তারিখ: ২৪/০৪/২০১৯

**বিষয় : ধূমপান ও তামাক জাতীয় দ্রব্য পরিহার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোনো কোনো শিক্ষক বিদ্যালয়ে কিংবা বিদ্যালয়ের বাইরে শিক্ষার্থীদের উপস্থিতিতে ধূমপান করেন। বিষয়টি শিক্ষকসুলভ আচরণ ও জনস্বাস্থ্যের পরিপন্থী।

সুতারং এই মর্মে সংশ্লিষ্ট শিক্ষকদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, তারা বিদ্যালয়ের ভিতরে ধূমপান করবেন না এবং বিদ্যালয়ের বাইরে অন্তত শিক্ষার্থীদের সামনে ধূমপান থেকে বিরত থাকবেন।

আরও লক্ষ করা যাচ্ছে যে, কোনো কোনো শিক্ষক প্রচুর পরিমান পান, জর্দা ও গুল গ্রহণ করে ক্লাসরুমে যান কিংবা শিক্ষার্থীদের উপস্থিতিতে কথা বলেন। এতে শিক্ষার্থীদের ভেতরে রিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়।

সুতরাং শিখন-শিখানো কার্যক্রম পরিচালনার সময় কিংবা শিক্ষার্থীদের উপস্থিতিতে শিক্ষকদের পান, জর্দা ও গুল গ্রহণ না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২৪.০৪.১৯
(প্রফেসর ড. মোঃ আবদুল মান্নান)
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

অধ্যক্ষ, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (সকল)
প্রধান শিক্ষক (সকল)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২)
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/পরিঃ ও উন্নঃ/প্রশিক্ষণ/মনিঃ এ্যান্ড ইভাঃ/অর্থ ও ক্রয়/), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
০৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
০৫। জেলা শিক্ষা অফিসার, সকল।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
০৭। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
০৮। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৯। সংরক্ষণ নথি।